দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 18 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬......

১৫০

এসএসসি বাণিজ্য বিভাগ

# মেধা তালিকার ১৩টি স্থানই দখল করেছে বগুড়ার ছেলে-মেয়েরা

**বগুড়া থেকে মহসিন আলী রাজু ॥** শিল্প ও বাণিজ্যের শহর বলে পরিচিত বগুড়ার সুনামের প্রতি সম্মান জানাতেই যেন এবারের এসএসসি পরীক্ষায় বাণিজ্য বিভাগে বগুড়ার ছাত্র-ছাত্রীরা খুবই ভাল ফল করেছে।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## বগুড়ার ছেলে-মেয়েরা

প্রথম পৃষ্ঠার পর

রাজশাহী শিক্ষা বোর্ডের সম্মিলিত মেধা তালিকার (বাণিজ্য) ২০টি স্থানের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থানসহ মোট ১৩টি স্থানই দখল করেছে বগুড়ার কৃতী ছাত্র-ছাত্রীরা।

বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে বগুড়া ক্যান্টঃ পাবলিক বোর্ড স্কুলের নূর উদ্দিন মিলন। সে (রোল নং-৮০৩৬৭৭) ৬টি বিষয়ে লেটার মার্কসহ ৮৪৭ নম্বর পেয়েছে। বগুড়া পুলিশ লাইন হাই স্কুলের সুরাইয়া মাহবুবা (রোল নং-৮০৩৬০২) ৫টি বিষয়ে লেটারসহ ৮৩০ নম্বর পেয়ে ২য় এবং ক্যান্টঃ বোর্ড স্কুলের জাহিদ ইকবাল ৪টি বিষয়ে লেটার মার্কসহ ৮১৯ নম্বর পেয়ে ৩য় স্থান লাভ করেছে। বাণিজ্য বিভাগেই ক্যান্টঃ পাবলিক হাই স্কুলের ইয়াসমিন ৩টি লেটারসহ ৮০৫ নম্বর পেয়ে ৬ষ্ঠ, জেলা স্কুলের এস এম সিরাজুল হাসান ৫টি লেটারসহ ৮০০ নম্বর পেয়ে ৯ম, ক্যান্টঃ পাবলিক হাই স্কুলের রাবেয়া বেগম ৫টি বিষয়ে লেটার মার্কসহ ৭৯৫ নম্বর পেয়ে ১০ম হয়েছে। একই স্কুলের পারভেজ আকতার ৫টি লেটারসহ ৭৮৬ নম্বর পেয়ে ১২তম, বগুড়া জেলা স্কুলের এনামুল হক ৫টি লেটারসহ ৭৮৫ নম্বর পেয়ে ১৩তম, জেলা স্কুলের মঞ্জুরুল হাসান ৪টি লেটারসহ ১৪তম; জেলা স্কুলের আবদুল্লাহ আল মামুন ৪টি লেটারসহ ৭৮২ নম্বর পেয়ে ১৫তম, জেলা স্কুলের রকিবুজ্জামান ৫টি বিষয়ে লেটারসহ ১৬তম, জেলা স্কুলের প্রিতম দত্ত ৪টি বিষয়ে লেটারসহ ৭৮০ নম্বর পেয়ে ১৬তম এবং ক্যান্টঃ পাবলিক স্কুলের মোস্তফা আল রশিদ অভি ৪টি বিষয়ে লেটারমার্কসহ ১৬তম স্থান লাভ করেছে।